গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ: ২০/০২/২০২০ খ্রি.।

## ২০১৯ সনের অনার্স ২য় বর্ষ (অনিয়মিত/মানোন্নয়ন) পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র কলেজের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি অনুযায়ী ২০১৯ সনের অনার্স ২য় বর্ষ (অনিয়মিত/মানোন্নয়) পরীক্ষার ফরম পূরণের ফিসের হিসাব, ফরম পূরণ ও ডাটা এন্ট্রির সময় নিম্নরূপ:

| বিভাগের নাম | ফরমপূরণ ও ফি জমা দেয়ার তারিখ | সময় |
|---|---|---|
| মার্কেটিং, ফিন্যান্স ও ব্যাংকিং, সমাজকর্ম, | ২৩/০২/২০২০ | **দুপুর ১:০০ টা হতে বিকাল ৩:০০ টা পর্যন্ত প্রশাসনিক ভবনের ক্যাশ শাখায় ফরম পূরণের ফি জমা দিতে হবে।** |
| ইংরেজি, ইতিহাস, দর্শন, | ২৪/০২/২০২০ | |
| অর্থনীতি, ইসলামী শিক্ষা, বাংলা, | ২৫/০২/২০২০ | |
| সমাজবিজ্ঞান, হিসাববিজ্ঞান | ২৬/০২/২০২০ | |
| ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, রাষ্ট্রবিজ্ঞান, ব্যবস্থাপনা | ২৭/০২/২০২০ | |
| রসায়ন, প্রাণিবিজ্ঞান, মনোবিজ্ঞান, গণিত, ভূগোল, পদার্থবিজ্ঞান উদ্ভিদবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, | ০১/০৩/২০২০ | |
| **বিঃ দ্রঃ-নির্ধারিত সময়ের পরে ফরম পূরণের আর কোন সুযোগ দেয়া হবে না।** | | |

### অনিয়মিত পরীক্ষার্থীদের পরীক্ষার ফি

| অনার্স বিষয়ের নাম | ফরম পূরণের ফি |
|---|---|
| বাংলা, ইংরেজি, ইসলামের ইতিহাস, দর্শন, ইতিহাস, ইসলামী শিক্ষা, সমাজবিজ্ঞান, মার্কেটিং, ফিন্যান্স ও ব্যাংকিং, ব্যবস্থাপনা, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম, হিসাববিজ্ঞান | ২,৪৫৫.০০ |
| অর্থনীতি, রসায়ন, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, গণিত, পদার্থবিজ্ঞান, ভূগোল ও পরিবেশ (বিজ্ঞান) | ২,৮৫৫.০০ |
| মনোবিজ্ঞান, ভূগোল ও পরিবেশ (মানবিক) | ৩,৩৫৫.০০ |
| পরিসংখ্যান, | ২,৯০৫.০০ |
| **অনিয়মিত পরীক্ষার্থীদের ব্যবহারিক পরীক্ষার ফি নিম্নবর্ণিত হার অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগ আদায় করবে** | |

### গ্রেড উন্নয়ন/মানোন্নয়ন ছাত্রীদের পরীক্ষার ফি

| অনার্স বিষয়ের নাম | ফরম পূরণের ফি |
|---|---|
| ১ পত্র | ১,৪৫৫.০০ |
| শুধুমাত্র ইংরেজি (আবশ্যিক) পত্র | ১,৭৫৫.০০ |
| পরবর্তী প্রতি পত্রের জন্য ২০০/- হারে যোগ করে মোট টাকা জমা দিতে হবে। ব্যবহারিক/মৌখিক পত্র থাকলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার কেন্দ্র ফি সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। | ব্যবহারিক প্রতি পত্রের ১ দিনের জন্য ১৩০/- টাকা ও পরবর্তী প্রতিদিনের জন্য ৭৫/- টাকা এবং মৌখিক পরীক্ষার জন্য ৭৫/- টাকা |

**অনলাইনে ডাটা এন্ট্রির পর নিম্নের নির্দেশনা অনুযায়ী তথ্যাদি অফিসে জমা দেয়ার তারিখ ০৪/০৩/২০২০ খ্রি. বিকাল ৪:০০ টা পর্যন্ত।**

**অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়ম (শিক্ষার্থীদের জন্য):**

(ক) আবেদনকারীকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) Form fill-up বাটন ক্লিক করে সাইন আপ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী (৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরমপূরণের নির্দেশাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রি প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক হলে অনলাইন থেকে একটি পূরণকৃত ফরম প্রিন্ট করে নিবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয়সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাদি উল্লেখ থাকবে। অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।

খ) শিক্ষার্থীদের প্রিন্টকৃত ফরমে কলেজ বিভাগীয় প্রধান স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩১০ নং কক্ষে জানাতে পারবে।

**পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীঃ**

**২. ফরম পূরণের ফি জমা দেয়া:**

সংশ্লিষ্ট বিভাগ হতে টাকা জমা রশিদ সংগ্রহ করে ৩ অংশে পরীক্ষার্থীর নাম, ক্লাস রোল নম্বর, টাকার পরিমাণ ও নিজ মোবাইল নম্বর (স্বচল) অবশ্যই লিখতে হবে। ক্যাশ শাখায় নির্ধারিত টাকা জমা দিয়ে স্ব স্ব বিভাগে গিয়ে ফরম সংগ্রহ ও জমা দিবে।

**৩। পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা:**

**(ক) অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য:**

২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ২০১৬ সনের ১ম বর্ষ অনার্স বা ২০১৭ সনের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে কিন্তু অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা ২০১৯ সনের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এছাড়া ২০১৮ সনের অনার্স ২য় বর্ষ পরীক্ষার প্রকাশিত ফলাফলে যে সকল শিক্ষার্থী অনুত্তীর্ণ হয়েছে তারা একই সাথে অনিয়মিত শিক্ষার্থী হিসেবে ফরম পূরণ করতে পারবে, এক্ষেত্রে পূর্ববর্তী বছরের পাসকৃত তত্ত্বীয় কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে না। তবে ২০১৮ সনের ২য় বর্ষের পরীক্ষায় পাস করা C এবং D গ্রেড প্রাপ্ত কোর্সে ইচ্ছা করলে সর্বোচ্চ ২ (দুই) টি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষার সুযোগ পাবে।

**(খ) মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য:**

* ২০১৮ সনের অনার্স ২য় বর্ষে যে সকল শিক্ষার্থী অংশগ্রহণ করে ৩য় বর্ষে উত্তীর্ণ হয়েছে, ঐ সকল শিক্ষার্থীর শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত সর্বোচ্চ ০২ (দুই) টি কোর্সে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

* যে সকল শিক্ষার্থী ২০১৮ সনের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে উত্তীর্ণ পেয়েছে, কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে তারা ২০১৯ সনের পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহ এবং C এবং D প্রাপ্ত সর্বোচ্চ ২ টি কোর্সে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

* ২০১৮ সনের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় একটি কোর্সে অনুপস্থিত থাকায় যে সকল শিক্ষার্থী C-Promoted হয়েছে সে সকল পরীক্ষার্থীকে অনুপস্থিত একটি কোর্সে ২০১৯ সনের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। অন্যথায় তার কোর্স বাতিল হয়ে যাবে। ইনকোর্স ও ব্যবহারিক পত্র মানোন্নয়নের সুযোগ নাই।

* ২০১২-১৩, ২০১৩-১৪, ২০১৪-১৫, ২০১৫-১৬, ২০১৬-১৭ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ২য় বর্ষের এক বা একাধিক কোর্সে F ও অনুপস্থিত আছে সে সকল পরীক্ষার্থী এ পরীক্ষায় শুধুমাত্র F ও অনুপস্থিত কোর্সে অংশগ্রহণ করতে পারবে।
* কেবল মাত্র ২০১৮ সনের ২য় বর্ষ অনার্স ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অনুপস্থিত/অকৃতকার্য কোর্সে ২০১৯ সনের পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক। ২০১৮ সনের ২য় বর্ষ অনার্স (পুরাতন সিলেবাস, ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পূর্বে) ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের পুনরায় ঐ কোর্সে পরীক্ষা বা মানোন্নয়ন পরীক্ষার সুযোগ নাই।
* ইংরেজি আবশ্যিক {(কাড-৯৯৯৯, ২০১-১৪ শিক্ষাবর্ষের পূবে)/ কোড-২১১১০১, ২০১৩-১৪ শিক্ষাবর্ষ হতে)} কোর্সে অকৃতকার্য ২০১২-১৩, ২০১৩-১৪, ২০১৪-১৫, ২০১৫-১৬, ২০১৬-১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা ২০১৯ সনের ২য় বর্ষ অনার্স (পুরাতন সিলেবাস ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পূর্বে) পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

**০৪. পরীক্ষার্থীদের জন্য করনীয় ঃ**

অনলাইনে পরীক্ষার আবেদন সংগ্রহ করার পর অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফলাফলের কপি, অনিয়মিত ছাত্রীদের অনার্স ২য় বর্ষে ভর্তি ফি জমা রশিদের কপি ও আবেদন ফরম সংশ্লিষ্ট বিভাগে দেখিয়ে ফরম পূরণের টাকা জমা রশিদ সংগ্রহণ করতে হবে। পরীক্ষার ফি জমা দিয়ে উল্লিখিত ডুকুমেন্টসহ স্ব স্ব বিভাগে জমা দিবে।

**০৫. কলেজের বিভাগসমূহের জন্য করণীয় ঃ**

(ক) শিক্ষার্থীর পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা এবং পরীক্ষার্থী তার পরীক্ষার পত্র অনুযায়ী টাকা জমা দিয়েছে কিনা তা নিশ্চিত হয়ে ফরম জমা নিতে হবে। অনিয়মিত ছাত্রীদের ভর্তির বিষয়টি নিশ্চিত হতে হবে। টাকা জমা রশিদের কলেজ অংশ আবেদন ফরমের সাথে জমা রাখতে হবে।

**(খ) ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণঃ** ২০১৬-১৭, ২০১৫-১৬ শিক্ষাবর্ষের অনিয়মিত ও মান্নোয়ন এবং ২০১২-১৩, ২০১৩-১৪, ২০১৪-১৫ শিক্ষাবর্ষের মানোন্নয়ন পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট কোর্সের পেপার কোড নম্বর ও রেজিস্ট্রেশন/রোল নম্বরের বিপরীতে প্রাপ্ত নম্বর এক্সেল ফাইলে প্রেরণ করতে হবে এবং বিভাগীয় প্রধানের স্বাক্ষরসহ হার্ডকপি ও সফ্ট কপি কলেজের রেজিস্ট্রেশন শাখায় জমা দিতে হবে।

20.02.2020
(প্রফেসর সুপ্রিয়া ভট্টাচার্য্য)
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

কার্যার্থে:
১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
২। প্রধান সহকারী, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
৩। ক্যাশিয়ার, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
৪। রেজিস্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
৫। সংরক্ষণ নথি।